দৈনিক ইনকিলাব

তারিখ MAR. 4 1999
পৃষ্ঠা ১৫ কলাম ৩

104

# প্রাথমিক শিক্ষক নেতৃবৃন্দের বিরুদ্ধে কারণ দর্শানোর আদেশ প্রত্যাহারের দাবী

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সমিতির সাধারণ সম্পাদক কাজী আ কা ফজলুল হক, অর্থ সম্পাদক হারুন-অর-রশিদ, সহ-অর্থ সম্পাদক সিদ্দিকুর রহমান ও মহানগরীর সম্পাদক বিএম আসাদুল্লাহকে "প্রাথমিক শিক্ষকদের নের্তৃত্বদানের অপরাধে কেন শাস্তি দেয়া হবে না" মর্মে কারণ দর্শানোর আদেশের তীব্র নিন্দা করে অবিলম্বে এই আদেশ প্রত্যাহারের দাবী জানিয়েছে। গত ২ মার্চ (মঙ্গলবার) সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আযাদের সভাপতিত্বে অনুষ্ঠিত কেন্দ্রীয় নির্বাহী সভায় এই দাবী জানানো হয়। সভায় এক প্রস্তাবে প্রাথমিক শিক্ষকদের বেসরকারীকরণের যে কোন ষড়যন্ত্রকে প্রতিহত করার দৃঢ়প্রত্যয় ব্যক্ত করা হয়। এক প্রস্তাবে প্রাথমিক শিক্ষা বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের দাবীর প্রতি পূর্ণ সমর্থন ও তাদের চলমান আন্দোলনের সাথে একাত্মতা প্রকাশ করা হয়।

সভায় আগামী ৪ এপ্রিল সকালে ১০ প্রতিনিধি পরিষদের অধিবেশন আহবান করা হয়েছে। অধিবেশনে প্রতিনিধি পরিষদের সকল সদস্য ও সকল থানা হতে একজন বেসরকারী প্রাথমিক শিক্ষক প্রতিনিধি যোগদানের জন্য বলা হয়েছে।